



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৪১

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ২১ পৌষ (০৫ জানুয়ারি) :

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো: শাহরিয়ার আলম, এমপি তিন দিনের সরকারি সফরে আগামীকাল শুক্রবার (০৬ জানুয়ারি) রাজশাহী আসবেন। তিনি সড়ক পথে বিকাল তিনটায় রাজশাহীর বাঘা উপজেলায় এসে পৌঁছবেন।

প্রতিমন্ত্রী এদিন বিকাল সাড়ে তিনটায় হরিরামপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় ও বিকাল সাড়ে চারটায় মনিগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন করবেন।

পরদিন শনিবার (০৭ জানুয়ারি) প্রতিমন্ত্রী বেলা এগারোটায় রাওথা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নবনির্মিত ভবন উদ্বোধন করবেন। বেলা সাড়ে এগারোটায় চারঘাট উপজেলা অডিটোরিয়ামে উপজেলা প্রশাসন আয়োজিত সম্প্রীতি সমাবেশে প্রধান অতিথি হিসেবে যোগ দেবেন। বিকাল সাড়ে তিনটায় বাউসা উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত শেখ রাসেল স্মৃতি ফুটবল টুর্নামেন্ট এর ফাইনাল খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন।

রবিবার (০৮ জানুয়ারি) শাহরিয়ার আলম এগারোটায় গোচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণী কক্ষ নির্মাণ কাজ এবং বারোটায় ডাকরা কলেজের নবনির্মিত ভবনের উদ্বোধন করবেন।

প্রতিমন্ত্রী এদিন বিকাল দুইটায় ঢাকার উদ্দেশে রাজশাহী ত্যাগ করবেন। ##

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/১৮.৩০ঘ.